সিলেটে চা শ্রমিক ও প্রতিবন্ধীদের মধ্যে ঈকোয়্যালিটি সোসাইটির কম্বল বিতরণ

চেম্বার ডেস্ক: বাংলাদেশ ঈকোয়্যালিটি সোসাইটি সিলেটের উদ্যোগে চা শ্রমিক ও প্রতিবন্ধীদের মধ্যে শীতবস্ত্র কম্বল বিতরণ অনুষ্ঠান গতকাল ৩১ জানুয়ারি বুধবার বিকালের নগরীর লাক্কাতুরা চা-বাগান গলফ ক্লাবে অনুষ্ঠিত হয়।

প্রধানমন্ত্রীর উপহারের শীতবস্ত্র জেলা প্রশাসনের কাছ থেকে প্রাপ্ত কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথর বক্তব্য রাখেন সিলেটের জেলা প্রশাসক শেখ রাসেল হাসানের সহধর্মিনী ডাঃ সায়মা শারমীন।
বাংলাদেশ ঈকোয়্যালিটি সোসাইটি সিলেটের নির্বাহী পরিচালক রোকসানা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট সদর উপজেলা নির্বাহী অফিসার নাছরীন আক্তার, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আছমা জাহান সরকার, সিলেট জেলা সমাজ সেবা অফিসের সহকারী পরিচালক নাজিম উদ্দিন, লাক্কাতুরা চা-বাগান সিলেটের ম্যানেজার আক্তার সহিদ, গ্রীন ডিজএ্যাবল্ড ফাউন্ডেশন (জিডিএফ)’র মহাসচিব ও নির্বাহী পরিচালক বায়জিদ খান।
উপস্থিত ছিলেন সমাজসেবী ফখর উদ্দিন, লায়েস মিয়া, ফয়সল খান, সোহেল মিয়া, সুফরা বেগম, জয়দীপ কর প্রমুখ।
অনুষ্ঠানে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উপহার ২ শতাধিক কম্বল চা-শ্রমিক ও প্রতিবন্ধীদের মধ্যে বিতরণ করেন প্রধান অতিথি সহ অতিথিবৃন্দ।
প্রধান অতিথির বক্তব্যে সিলেটের জেলা প্রশাসক শেখ রাসেল হাসানের সহধর্মিনী ডাঃ সায়মা শারমীন বলেন, সরকার চা-শ্রমিকদের জীবন মান উন্নয়ন, শিক্ষা-চিকিৎসা সহ সকল ক্ষেত্রে সুযোগ-সুবিধা প্রদান করেছে। সেই সকল সুবিধাগুলো গ্রহণ করে চা-শ্রমিকরা এগিয়ে যাচ্ছেন। এরই ধারাবাহিকতায় প্রধানমন্ত্রী উপহার কম্বল বিতরণ করা হচ্ছে। তিনি বলেন, চা-শ্রমিকদের আরো স্ববলম্বি করতে সহযোগিতার মাধ্যমে সবাইকে এগিয়ে আসতে হবে। তিনি শীতবস্ত্র বিতরণের আয়োজন করায় বাংলাদেশ ঈকোয়্যালিটি সোসাইটি সিলেটের নির্বাহী পরিচালক

রোকসানা বেগমকে ধন্যবাদ জানিয়ে সেবামূলক কার্যক্রম অব্যাহত রাখার আহবান জানান। বিজ্ঞপ্তি